



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা  
অখিল ভারতীয় শান্তি এবং একজুটতা সংগঠন

كل هند امن اور يکجوتى تنظيم

**ALL INDIA PEACE AND SOLIDARITY ORGANISATION**

West Bengal State Committee

Website : [www.aipsowb.org](http://www.aipsowb.org)

Ph : 9038105840

E-mail : [bengalaipso@gmail.com](mailto:bengalaipso@gmail.com)

Contact : Krishnapada Ghosh Memorial Trust Bhawan  
55, Surya Sen Street, Kolkata - 700 009, West Bengal

## শোকবার্তা

তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০২৩

### তুরস্কে-সিরিয়ায় ভূমিকম্প

সোমবার ভোররাতে শক্তিশালী ভূমিকম্পে তুরস্ক ও সিরিয়ায় প্রায় চার হাজার মানুষের মৃত্যু হয়েছে। সিরিয়ার সীমান্তবর্তী তুরস্কের দক্ষিণ-পূর্বাঞ্চলে ভূমিকম্পের রিখটার স্কেল অনুযায়ী মাত্রা ছিল ৭ দশমিক ৮।

ভূকম্পে হাজার হাজার মানুষ আহত হয়েছেন। অনেকে এখনও নিখোঁজ। বহু মানুষ এখনও ধ্বংসস্তূপে চাপা পড়ে রয়েছেন। প্রকৃত নিহতের সংখ্যা আরও অনেক বাড়তে পারে বলে আশঙ্কা। ভূমিকম্পে হতাহতদের উদ্ধারের কাজ চলছে। তবে শীতকালীন তুষারঝড়ের কারণে রাস্তাঘাট এখন ঢেকে। ফলে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে।

তুরস্কের রাজধানী আঙ্কারাসহ অন্যান্য শহরে এবং পার্শ্ববর্তী সিরিয়াসহ প্রতিবেশী দেশ লেবানন, সাইপ্রাস, ইজরায়েলেও এই ভূকম্পন অনুভূত হয়।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি এই ভয়ঙ্কর মানবিক বিপর্যয়ের ঘটনায় শোকপ্রকাশ করছে। রাজ্য কমিটি আশা প্রকাশ করে সংশ্লিষ্ট সকল পক্ষ ভূকম্পে বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়াবে।

- রাজ্য সম্পাদকমন্ডলী